

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : www.bangladeshbank.org.bd

এফ,ই সার্কুলার নং ২২

কার্তিক ২৫, ১৪১৭ বাং
তারিখ : -----
নভেম্বর ০৯, ২০১০ ইং

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

**রপ্তানি খাতের উন্নয়নে সরকার কর্তৃক ঘোষিত দ্বিতীয় প্রণোদনা
প্যাকেজের গৃহীত পদক্ষেপ বাস্তবায়ন প্রসংগে।**

শিরোনামোক্ত বিষয়ে জুন ০৭, ২০১০ তারিখের এফ,ই সার্কুলার নং-১২ এর ২ নং ক্রমিক এর 'ক' হইতে 'ঙ' অনুচ্ছেদ এবং একই বিষয়ে জুলাই ২১, ২০১০ তারিখে জারীকৃত এফ,ই সার্কুলার নং-১৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

০২। সরকারী সিদ্ধান্ত অনুযায়ী দ্বিতীয় প্রণোদনা প্যাকেজের আওতায় ক্ষুদ্র ও মাঝারি বস্ত্রশিল্প প্রতিষ্ঠানসমূহ যাহারা ২০০৮-২০০৯ অর্থবছরে ৩.৫০ মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত রপ্তানি করিয়াছে তাহাদেরকে ২০০৯-২০১০ অর্থবছরে অতিরিক্ত ৫ (পাঁচ) শতাংশ হারে নগদ সহায়তা প্রদানের সুবিধাটি ২০১০-২০১১ অর্থবছরে নিম্নোক্ত শর্তাধীনে বলবৎ থাকিবে :

- বন্ডেড ওয়ারহাউস/ডিউটি ড্র-ব্যাংক সুবিধা গ্রহণ না করার বিষয়টি যথারীতি বহাল থাকিবে।
- দেশীয় সুতা/কাপড় ব্যবহার করিতে হইবে;
- এই সকল ক্ষুদ্র ও মাঝারি বস্ত্রশিল্প প্রতিষ্ঠান (SME) কোন বৃহৎ প্রতিষ্ঠানের অংগ প্রতিষ্ঠান হইবে না।
- এফওবি মূল্যের পরিবর্তে স্থানীয় মূল্য সংযোজন বিবেচনায় নির্ণীত (এফ,ই সার্কুলার নং-৯/২০০১ এর সহিত সংযোজিত ফরমের হিসাবায়ন মোতাবেক) মূল্যের উপর নগদ সহায়তা প্রদেয় হইবে।
- যে সকল ক্ষুদ্র ও মাঝারি বস্ত্র শিল্প প্রতিষ্ঠান ঋণ পুনঃতফশীলিকরণের সুবিধা গ্রহণ করিয়াছে সে সকল প্রতিষ্ঠানও আলোচ্য সুবিধা পাইবে।

০৩। বিজিএমইএ ও বিকেএমইএ ছাড়াও বিটিএমএ সদস্য মিলের মধ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান রহিয়াছে যাহাদের ২০০৮-২০০৯ অর্থ বছরের রপ্তানি ৩.৫ মিলিয়ন মার্কিন ডলারের কম। বিটিএমএ কর্তৃক সরবরাহকৃত তালিকা অনুযায়ী এই সকল বস্ত্র মিলও অতিরিক্ত নগদ সহায়তা পাওয়ার যোগ্য হইবে বিধায় ক্ষুদ্র ও মাঝারি বস্ত্র শিল্প প্রতিষ্ঠান হওয়া সম্পর্কে বিজিএমইএ ও বিকেএমইএ এর পাশাপাশি বিটিএমএ কে প্রত্যয়ন সনদ ইস্যুর ক্ষমতা অর্পণ করা হইল।

রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাতে নগদ সহায়তা পরিশোধের বিষয়ে ইতিপূর্বে জারীকৃত এফ,ই সার্কুলার নং ৯/২০০১ এবং পরবর্তীতে এতদসংশ্লিষ্ট এফ,ই সার্কুলার/সার্কুলার পত্রের প্রযোজ্য সকল নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকিবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার আব্দুস সেলিম)
মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত)
ফোন : ৭১২০৩৭৫